# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫- ৪৯

তারিখ ১৪ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ / ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

### দপ্তরাদেশ

বোর্ড সচিবালয়ের স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫-২১; তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ মোতাবেক বাপাউবো'র কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য ৩ (তিন) কর্মদিবসের এর মধ্যে বোর্ড সচিবালয়ে প্রেরণের নিমিত্ত পৃষ্ঠাঙ্কন করা হয়।

২। পরবর্তীতে বোর্ড সচিবালয়ের স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫-৩৩; তারিখঃ ১৮ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ এর মাধ্যমে দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য ২ (দুই) কর্মদিবসের এর মধ্যে বোর্ড সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে সার্কুলার জারী করা হয়। কিন্তু অদ্যাবধি সকল দপ্তর হতে তথ্য পাওয়া যায় নি।

৩। এক্ষণে, বাপাউবো'র কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য আগামী রবিবার (০২/০৩/২০২৫) দুপুর ২:০০ ঘটিকার মধ্যে বোর্ড সচিবালয়ে পৌঁছানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। কোন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণ না করে থাকে তবে সে সমস্ত দপ্তরকে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। যদি কোন দপ্তর উক্ত তথ্য প্রেরণ করতে ব্যর্থ হয় তবে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭/০২/২৫
এ, কে, এম, তাহমিদুল ইসলাম
মহাপরিচালক

**বিতরণ:**

১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা **(তার আওতাধীন দপ্তরসমূহের তথ্য প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**

২। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ........................বাপাউবো ...................... **(তার আওতাধীন জোনের/দপ্তরসমূহের তথ্য প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**

৩। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল) ..........বাপাউবো ......................।

৫। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৭। নির্বাহী প্রকৌশলী (সকল)................................................... বাপাউবো .......................।

৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।

৯। অফিস কপি/মাষ্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০১.১৭.৫২ তারিখ: ৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য প্রেরণ।
সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নং: ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪-৮৭৪; তারিখ: ০৫/০১/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে দ্বৈত নাগরিকত্ব গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর পাসপোর্ট ও এতদসংশ্লিষ্ট অন্যান্য তথ্য আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

সকল সংযুক্তিসমূহ:
(১) দুদক

২০-০১-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব
৫৫১০০৭০১
admin2@mowr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রথম শ্রেণীর কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
২। সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৩। ২য় শ্রেণীর কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।।
৪। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০১.১৭.৫২/১ (৩) তারিখ: ৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২১-০১-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা

স্মারক নং ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪- ৮৭৮ (৫৬)

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: সরকারি কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য প্রেরণ।

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, কতিপয় অসাধু সরকারি কর্মচারী তথ্য গোপন করে বাংলাদেশ ব্যতীত ভিন্ন দেশের পাসপোর্ট গ্রহণ ও ব্যবহার করছেন। চলমান দুর্নীতি বিরোধী অভিযানে শাস্তি অথবা আইনগত পদক্ষেপ এড়ানোর লক্ষ্যে তারা বিভিন্ন দেশের পাসপোর্ট ব্যবহার করে সেসকল দেশে অবস্থান করছেন। এভাবে উক্ত সন্দেহভাজন ব্যক্তিবর্গ নিজেদেরকে আইনী পদক্ষেপ হতে রক্ষা করাসহ নিজেদের অপকর্ম ঢেকে রাখার প্রয়াস চালাচ্ছেন। এসকল ক্ষেত্রে তারা বাংলাদেশের পাশাপাশি একইসঙ্গে অন্যান্য দেশের নাগরিকত্ব গ্রহণ করে থাকেন। অথচ, তাদের এ ধরনের কার্যকলাপ সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ৪০ ধারার সম্পূর্ণ পরিপন্থী।

০২। দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিচালিত বিভিন্ন অনুসন্ধানকালে এ মর্মে তথ্য পাওয়া গেছে যে, সরকারি কর্মচারীদের এরূপ একাধিক পাসপোর্ট গ্রহণের অন্যতম লক্ষ্য হলো, বাংলাদেশে দুর্নীতির মাধ্যমে অর্জিত তাদের অবৈধ সম্পদ গোপন করে বিদেশে পাচার ও ভোগ করা। তাদের এরূপ কার্যকলাপ দেশে দুর্নীতির প্রসারে ভূমিকা রাখছে এবং দেশের অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করছে। তাছাড়া, ভিন্ন একটি দেশে নাগরিকত্ব গ্রহণের পর বাংলাদেশের সরকারি চাকুরির নৈতিক দায়-দায়িত্বের প্রতি তাদের অনাগ্রহ পরিলক্ষিত হয়, যা কোনক্রমেই বাঞ্ছনীয় নয়।

০৩। উল্লেখ্য, দন্ডবিধির ২১ ধারা, দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ২ ধারা এবং ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ১১০ ধারাসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল আইন অনুযায়ী প্রতিরক্ষা বিভাগে কর্মরত সকল কমিশন্ড অফিসার, আদালতে কর্মরত কর্মচারী ও বিচারক, সরকারি রাজস্ব খাত হতে বেতনভুক্ত সকল কর্মচারী, সকল স্বায়ত্তশাসিত, স্বশাসিত, আধা-সরকারি বা রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিতে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন পর্যায়ে নির্বাচিত জনপ্রতিনিধিগণ পাবলিক সার্ভেন্ট হিসেবে বিবেচিত হন। এ প্রেক্ষাপটে বাংলাদেশে বিভিন্ন সময় পাবলিক সার্ভেন্ট অথবা তাদের পোষ্যগণ কর্তৃক দ্বৈত নাগরিকত্ব গ্রহণের বিষয়ে তাঁর দপ্তরে রক্ষিত তথ্যাদি পর্যালোচনা করা একান্ত আবশ্যক।

০৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়ের অধীনে দ্বৈত নাগরিকত্ব গ্রহণ করা পাবলিক সার্ভেন্টগণের পাসপোর্ট ও এতদসংশ্লিষ্ট অন্যান্য তথ্য প্রেরণ করার জন্য দুর্নীতি দমন কমিশনের অনুমোদনক্রমে ও আদিষ্ট হয়ে অনুরোধ করা হচ্ছে। একইসঙ্গে নিয়োগ/পুনঃনিয়োগের ক্ষেত্রে বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০৬/০১/২০২৫
মোঃ মোকাম্মেল হক
মহাপরিচালক (মানিলন্ডারিং)
ফোন: +৮৮০২২২২২২১৯৮১
ই-মেইল: dg.moneylaundering@acc.org.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪-

তারিখ: পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. অফিস নথি।

মোঃ মোকাম্মেল হক
মহাপরিচালক (মানিলন্ডারিং)

পানি সম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর